# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭৬

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি আল্লাহর জন্য গোপনে ও প্রকাশ্যে কোন আমল করে, তার জন্য প্রকাশ্য ও অপ্রকাশ্যভাবে সাওয়াব লিখেন অতঃপর কারণ ছাড়াই তা অন্যের অবগতিতে চলে আসে

ذِكْرُ كِتْبَةِ اللَّهِ جَلَّ وَعَلَا أَجْرَ السِّرِّ وَأَجْرَ الْعَلَانِيَةِ لِمَنْ عَمِلَ لِلَّهِ طَاعَةً فِي السِّرِّ وَالْعَلَانِيَةِ فَاطُّلِعَ عَلَيْهِ مِنْ غَيْرِ وُجُودِ علة عند ذلك

---

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحُسَيْنِ بْنِ مُكْرَمٍ بِالْبَصْرَةِ قَالَ: حَدَّثَنَا عَمْرُو بْنُ عَلِيِّ بْنِ بَحْرٍ قَالَ: حَدَّثَنَا أَبُو دَاوُدَ قَالَ: حَدَّثَنَا سَعِيدُ بن سنان أبوسنان عَنْ حَبِيبِ بْنِ أَبِي ثَابِتٍ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَجُلًا قَالَ: يَا رَسُولَ اللَّهِ إِنَّ الرَّجُلَ يَعْمَلُ الْعَمَلَ وَيُسِرُّهُ فَإِذَا اطُّلِعَ عَلَيْهِ سرّهُ؟ قَالَ: (لَهُ أجران: أجر السر وأجر العلانية.)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 376 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৩৭৬. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, এক বেদুঈন ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, কোন ব্যক্তি সৎ আমল করে, এটি তাকে আনন্দ দেয়, যদি তার গোপন আমলটি মানুষের অবগতিতে চলে আসে, তার ভাল লাগে, (এই ব্যক্তির ব্যাপারে আপনার অভিমত কী?)" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "এতে তার দ্বিগুণ সাওয়াব হবে; প্রকাশ্য ও অপ্রকাশ্যে আমলের সাওয়াব।"[1]

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: قَوْلُهُ: (إِنَّ الرَّجُلَ يَعْمَلُ الْعَمَلَ وَيُسِرُّهُ فَإِذَا اطُّلِعَ عَلَيْهِ سَرَّهُ) مَعْنَاهُ أَنَّهُ يَسُرُّهُ أَنَّ اللَّهَ وَفَّقَهُ لِذَلِكَ الْعَمَلِ فَعَسَى يُسْتَنَّ بِهِ فِيهِ فَإِذَا كَانَ كَذَلِكَ كُتِبَ لَهُ أَجْرَانِ وَإِذَا سَرَّهُ ذَلِكَ لِتَعْظِيمِ النَّاسِ إِيَّاهُ أَوْ مَيْلِهِمْ إِلَيْهِ كَانَ ذَلِكَ ضَرْبًا مِنَ الرِّيَاءِ لَا يَكُونُ لَهُ أَجْرَانِ وَلَا أَجْرٌ وَاحِدٌ.

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন: "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বক্তব্য 'কোন ব্যক্তি সৎ

আমল করে, এটি তাকে আনন্দ দেয়, যদি তার গোপন আমলটি মানুষের অবগতিতে চলে আসে, তার ভাল লাগে' এর দ্বারা উদ্দেশ্য হলো তার ভালো লাগে এজন্য যে মহান আল্লাহ তাকে সেই আমল করার সুযোগ দিয়েছেন এখানে হতে পারে তার আমলের কথা জেনে অন্য কেউ অনুসরণ করবে। যদি ব্যাপারটি এমন হয়, তাহলে তার জন্য দুটি নেকি লেখা হবে। আর যদি তার ভালো লাগে এজন্য যে, মানুষ তাকে মহান মনে করবে বা তার প্রতি ধাবিত হবে, তাহলে এটি এক প্রকার রিয়া বা লোক দেখানো ইবাদত হিসেবে গণ্য হবে, তখন তার জন্য দুটি নেকি হবে না, একটিও হবে না।"

## ফুটনোট

[1] মুসনাদু আবী দাউদ আত তায়ালিসী: ২৪৩০; তিরমিযী: ২৩৮৪; ইবনু মাজাহ: ৪২২৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ য'ঈফ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে য'ঈফ বলেছেন। (আয য'ঈফা: ৪৩৪৪)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88675

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন